



# ক্যাপসুলের বদলে গাড়ির সিটে বসার সময়

আপনার শিশুকে ক্যাপসুল থেকে বের করে গাড়ির সিটে বসানো কখন  
সবচেয়ে নিরাপদ?



i

## গুরুত্বপূর্ণ

অস্ট্রেলিয়ায় গাড়ির সিট সংক্রান্ত আইন অনুযায়ী, 6 মাস অবধি শিশুদের অবশ্যই গাড়ির পিছন দিকে মুখ করে বসাতে হবে।

এই অবস্থান তাদের ঘাড়ের জন্য অনেক বেশি স্বাচ্ছন্দ্যের এবং দুর্ঘটনার সময় অপেক্ষাকৃত নিরাপদও।

## শিশুদের ক্যাপসুল

বাচ্চাদের ক্যাপসুল গাড়িতে থেকে যাবার আধার ও বাচ্চা সমেত বের করে নেবার ক্যাপসুল নিয়ে গঠিত হয় এবং তা গাড়ির পিছনের দিকে মুখ করে লাগানো থাকে।

বাচ্চাদের ক্যাপসুল নবজাতক শিশুদের জন্য আদর্শ ও তা আনুমানিক 6 থেকে 12 মাস বয়স অবধি, অথবা তাদের কাঁধের উচ্চতা ক্যাপসুলের উচ্চতায় পৌঁছে যাওয়া অবধি, ব্যবহারের মতো করে তৈরি করা হয়।

এই উচ্চতার সীমা অবধি পৌঁছে গেলেই বাচ্চাদের একটি পিছনের দিকে মুখ করা সিটে বসানোর সুপারিশ করা হয়।





# ক্যাপসুলের বদলে গাড়ির সিটে বসার সময়

আপনার শিশুকে ক্যাপসুল থেকে বের করে গাড়ি সিটে বসানো কখন  
সবচেয়ে নিরাপদ?

## বাচ্চাদের গাড়ির সিট

ক্যাপসুলের বিপরীতে, একটি নবজাতকের গাড়ির সিট  
গাড়িতে লাগানো হয় এবং শিশুটিকে গাড়ির মধ্যেই  
সাজসরঞ্জামসহ বসানো হয়।

এগুলিকে নবজাতক শিশুদের জন্য বা যে সব শিশু  
তাদের ক্যাপসুলের থেকে আকারে বড় হয়ে যায় তাদের  
জন্য ব্যবহার করা যেতে পারে।

অনেক বাবা-মা তাদের বাচ্চাদের জন্য পরিবর্তনযোগ্য  
গাড়ির সিট পছন্দ করেন, যেগুলি গাড়ির সামনে ও  
পিছনে উভয় দিকেই মুখ করে রাখার মতো করে তৈরি,  
তবে, আপনার বাচ্চা যতদিন না পিছন দিকে মুখ করে  
বসার সিটের কাঁধের উচ্চতার সমান বড় না হয়ে যাওয়া  
অবধি তাকে পিছন দিকে মুখ করে বসানোরই সুপারিশ  
করা হয়।



কিছু কিছু পরিবর্তনযোগ্য শিশুর আসনে পিছন দিকে  
মুখ করে বসার বর্ধিত বিকল্পও আছে, যাতে 2-3  
বছর (30 মাস) অবধি শিশুদের পিছনের দিকে  
মুখ করা অবস্থায় বসানোর ক্ষমতা থাকে।

আপনার বাচ্চা আপনার গাড়ির পিছন দিকে মুখ  
করা সিটে চিহ্নিত কাঁধের উচ্চতার সর্বোচ্চ সীমা  
অতিক্রম করে গেলে, সে ওই সিটের বদলে গাড়ির  
সামনের দিকে মুখ করা তার সিটে বসবে।

- আরও তথ্যের জন্য পরের পাতায় দেখুন।



# পিছনের দিকে মুখ করা থেকে সামনের দিকে মুখ করা

আপনার শিশুর সিট ঘুরিয়ে দেওয়া কখন সবচেয়ে নিরাপদ হবে?

কিছু কিছু পিছনের দিকে মুখ করা সিটে একটিই কাঁধের উচ্চতার সীমানির্দেশ থাকে। অন্যান্যগুলিতে বাড়তি কয়েকটি সীমানির্দেশও থাকে যা শিশুকে সামনের দিকে বসানো শুরু করার জন্য ন্যূনতম থেকে সর্বাধিক কাঁধের উচ্চতার সীমানির্দেশ দেয়। আপনার বাচ্চার গাড়ির সিটে যদি একাধিক সীমানির্দেশ থাকে, তাহলে সে সর্বাধিক উচ্চতার সীমানির্দেশে না পৌঁছানো অবধি তাকে পিছন দিকে মুখ করেই গাড়িতে বসান।

আপনার শিশুকে কেবলমাত্র তখনই সামনের দিকে মুখ করা সিটে বসান যখন "অবশ্যই পিছন দিকে মুখ করে" কাঁধের উচ্চতার সীমানির্দেশ অতিক্রম করে যায়।



## i গুরুত্বপূর্ণ তথ্যাবলী

6 মাস থেকে 4 বছর অবধি শিশুদের অবশ্যই হয় একটি অনুমোদিত:

- অন্তর্নির্মিত সাজসজ্জাসহ পিছন দিকে মুখ করা শিশুদের গাড়ির সিট ব্যবহার করতে হবে, নতুবা
- অন্তর্নির্মিত সাজসজ্জাসহ সামনের দিকে মুখ করা শিশুদের গাড়ির সিট ব্যবহার করতে হবে
- যা গাড়ির সাথে ভালভাবে লাগানো থাকে
- শিশুর শরীর যাতে ভালভাবে বসে সেইভাবে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- সামনের দিকে মুখ করে বসার জন্য কাঁধের উচ্চতার সীমানির্দেশ পূরণ করতে হবে

## 👉 মনে রাখবেন

যে সব গাড়িতে দুই বা তার বেশি সংখ্যক সারির আসন থাকে তাতে 4 বছরের কম বয়সী শিশুদের গাড়ির সামনের আসনে বসে ভ্রমণে অনুমতি নেই।



প্রতিটি রাজ্যে ও ভূখণ্ডে Kidsafe পরিষেবাগুলি আলাদা-আলাদা হতে পারে।  
আরও তথ্য ও পরামর্শের জন্য দয়া করে আপনার রাজ্যের বা ভূখণ্ডের দপ্তরে যোগাযোগ করুন।  
প্রকাশের সময় প্রদত্ত সমস্ত তথ্য সঠিক আছে।